


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২.৪৯ ৫

তারিখ: ১৭/০৫/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক প্রশিক্ষণে জুম এ্যাপ ব্যবহারের লক্ষ্যে ওয়েবক্যাম ক্রয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক প্রশিক্ষণ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনিটরিং করা হয়। ১৭/০৫/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক প্রশিক্ষণ মনিটরিং এর সময় দেখা যায় যে, অনেক উপজেলায় ল্যাপটপ না থাকায় এনড্রয়েড মোবাইল ফোন দিয়ে জুম এ্যাপে যুক্ত হয়েছেন যা দৃষ্টিকটু বলে মনে হয়েছে। উপজেলায় ল্যাপটপ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করা সম্ভব হচ্ছে না। তাই যে সকল উপজেলায় ল্যাপটপ নাই অথবা ল্যাপটপ সংগ্রহ করা সম্ভব হবে না, সে সকল উপজেলার ক্ষেত্রে ডেস্কটপ কম্পিউটারে ওয়েবক্যাম সংযুক্ত করে জুম এ্যাপে সংযুক্ত হতে পারে। ইতোমধ্যে উপজেলায় ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য বাজেট বিভাজন প্রেরণ করা হয়েছে। উক্ত বাজেট বিভাজনের ~~অনুরোধ~~ বিবিধ খাতে বরাদ্দকৃত অর্থ হতে ডেস্কটপ কম্পিউটারে জুম এ্যাপ ব্যবহারের লক্ষ্যে ওয়েবক্যাম ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।